সমকাল

তারিখ ... 18 NOV 2016 ...
পৃষ্ঠা ... ৪ ... কলাম ... ৪ ......

প্রতীকী গণভোট

# রামপালের বিপক্ষে ৯০ শতাংশ ছাত্র-শিক্ষক

■ বিশ্ববিদ্যালয় প্রতিবেদক

ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) ছাত্র-শিক্ষক কর্মচারীদের মধ্যে ৯০ শতাংশই চান না, সুন্দরবনের পাশে রামপালে বিদ্যুৎকেন্দ্র নির্মাণ হোক। গতকাল বৃহস্পতিবার বিশ্ববিদ্যালয়ের অপরাজেয় বাংলার সামনে এই প্রতীকী গণভোটের রায় ঘোষণা করা হয়। এতে মোট ১০ হাজার ১১১ জন অংশ নিয়ে ৯০ দশমিক ৪৮ শতাংশ রামপালের বিপক্ষে রায় দেন। আর এই বিদ্যুৎকেন্দ্র নির্মাণের পক্ষে ছিলেন মাত্র ৮৫০ জন বা ৮ দশমিক ৫১ শতাংশ। বাকি ১ শতাংশ ভোট বাতিল হয়।

সমাজতান্ত্রিক ফ্রন্ট ঢাবি শাখা গত ৩০ নভেম্বর থেকে ১৮ দিন বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগ, ইনস্টিটিউট ও হলের শিক্ষক-শিক্ষার্থী ও কর্মকর্তা-কর্মচারীদের অফিসগুলোতে গিয়ে এই ভোট সংগ্রহ করে।

প্রতীকী এই গণভোটের রায় ঘোষণার পর সেখানে আয়োজিত এক সমাবেশে তেল গ্যাস বিদ্যুৎ-বন্দর রক্ষা জাতীয় কমিটির সদস্য সচিব অধ্যাপক আনু মোহাম্মদ বলেন, সরকারের জন্য একটি মহাকলঙ্ক সৃষ্টি হওয়ার আগেই সুন্দরবন কাছে রামপাল কয়লাভিত্তিক বিদ্যুৎ প্রকল্প বন্ধ করা উচিত।

তিনি বলেন, দেশের মহাপ্রাণ সুন্দরবন টিকে না থাকলে সেখানকার মানুষও টিকবে না। তবে মানুষ ছাড়াও সুন্দরবন ঠিকই টিকে থাকবে। তাই সুন্দরবনের জন্য মানুষ অপরিহার্য নয়, মানুষের জন্যই সুন্দরবন অপরিহার্য।

এ সময় সমাবেশে আরও বক্তব্য রাখেন ঢাবির আন্তর্জাতিক সম্পর্ক বিভাগের অধ্যাপক তানজিম উদ্দীন, সমাজবিজ্ঞান বিভাগের সহযোগী অধ্যাপক সামিনা লুৎফা, ছাত্রফ্রন্টের ঢাবি সভাপতি ইভা মজুমদার প্রমুখ।